



অগাস্ট মাসে আমার সন্তানকে প্রমোশন দেওয়া হবে কি না, স্কুল কীভাবে সে সিদ্ধান্ত নেয়?

শিক্ষার্থীদেরকে প্রমোশন পেতে হলে ডিওই-এর প্রমোশন নীতিতে ব্যাখ্যা দেওয়া পরবর্তী গ্রেডে প্রমোশনের মানদণ্ড অর্জন করতে হবে। স্কুলগুলো সামার স্কুল শেষে এসব সিদ্ধান্ত গ্রহণের জন্য শিক্ষার্থীর প্রাপ্ত গ্রেড, পরীক্ষা এবং অন্যান্য কাজসহ বহুসংখ্যক প্রমাণ ব্যবহার করে। প্রমোশন সম্পর্কিত তথ্যের জন্য জন্ম দেখুন:

<http://schools.nyc.gov/ParentsFamilies/PromotionSummerSchool>.

যদি কোন শিক্ষার্থীকে জুন মাসে অনুত্তীর্ণ রাখা হয় এবং সে সামার স্কুলে না যায়, তাহলেও কী তাকে অগাস্ট মাসে উত্তীর্ণ করা হবে?

সামার স্কুল শিক্ষার্থীদেরকে অগাস্ট মাসের প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণের জন্য বাড়তি কাজ সম্পন্ন করার সুযোগ দেয়। আপনার সন্তান সামার স্কুলে যেতে না পারলেও অগাস্ট মাসের শেষ দিকে একটি লিখিত আপিল প্রিন্সিপালের কাছে জমা দিতে পারেন। সুপারিনটেন্ডেন্ট প্রিন্সিপালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। সামার স্কুলে অংশ না নেওয়াতে সুপারিনটেন্ডেন্ট-এর পর্যালোচনার আগে শিক্ষার্থীর বাড়তি অগ্রগতি প্রদর্শনের ক্ষমতা সীমিত হয়।

আমার সন্তান সামার স্কুল সম্পন্ন করার পর তাকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণকরণ করা হয়েছে কি না, আমি কীভাবে জানবো?

আপনার সন্তানকে উত্তীর্ণ করা হচ্ছে কি না, সে ব্যাপারে আপনাকে ১৮ অগাস্ট-এর সপ্তাহে একটি চিঠি দিয়ে জানান হবে। আপনি যদি প্রমোশনের সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, আপনি ২৫ অগাস্ট তারিখ থেকে সন্তানের প্রিন্সিপ্যাল বরাবর একটি লিখিত আপিল জমা দিতে পারেন। এই আপিল পর্যালোচনা করবেন সুপারিনটেন্ডেন্ট, যিনি প্রমোশনের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

সামার স্কুল সুপারভাইজার

এলেমেন্টারি ও মিডল স্কুল

১ জুলাই- ৩১ জুলাই

সোমবার-বৃহস্পতিবার:

১৯ দিনের শিক্ষানির্দেশনা

- * ৪ জুলাই ছুটির দিন; শিক্ষার্থীদের কোন ক্লাস নেই।
- * ৪ অগাস্ট ও ৫ অগাস্ট শুধু স্টাফদের জন্য পোর্টফোলিও পর্যালোচনার দিন; এলেমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীদের ক্লাস নেই।

হাই স্কুল

১ জুলাই- ১২ অগাস্ট

সোমবার-শুক্রবার

৩০ দিনের শিক্ষানির্দেশনা

- * ৪ জুলাই ছুটির দিন; শিক্ষার্থীদের কোন ক্লাস নেই।
- * ১৩ ও ১৪ অগাস্ট নিউ ইয়র্ক স্টেটের রিজেন্টস পরীক্ষার দিন।

স্কুল শুরু ও ছুটির সময় তারতম্য হতে পারে। কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে সন্তানের মূল স্কুলে যোগাযোগ করুন।

আরও তথ্য ও সহায়তার জন্য:

ভর্তি হওয়া ও কাগজপত্র সংক্রান্ত শর্তের জন্য দেখুন:

www.nyc.gov/schools/ChoicesEnrollment/NewStudents

অনাবাসিক ফি-এর জন্য ব্যুরো অব নন-পাবলিক স্কুল
পেঅ্যাবলস-এ 718-935-4789 নম্বরে ফোন করুন।

ট্রান্সপোর্টেশন সংক্রান্ত তথ্যের জন্য দেখুন www.opt-osfns.org/opt ওয়েবসাইট বা (718) 392-8855 নম্বরে
ফোন করুন।

স্কুল ফুড সম্পর্কে প্রশ্ন থাকলে www.schoolfoodnyc.org
ওয়েবসাইটে গিয়ে নিকটবর্তী স্থান খুঁজে নিন কিংবা 877-
877 নম্বরে "NYCMeals" লিখে টেক্সট করুন বা 311-এ
ফোন করুন।

general inquiries সামার স্কুল সম্পর্কে সাধারণ প্রশ্নের
উত্তর জানতে summerschool@schools.nyc.gov ঠিকানায়ে
ইমেইল করুন বা 311-এ ফোন করুন।

T&I 21196 (Bengali)

সামার স্কুল ২০১৪

পিতামাতা ও পরিবারের জন্য একটি গাইড



Department of
Education

Carmen Fariña, Chancellor



nycschools



nycschools

প্রবর্তী গ্রেডে উত্তীর্ণ না হওয়ার বা সময়মতো গ্যাজুয়েট না হওয়ার ঝুঁকি আছে যেসব শিক্ষার্থী, সামার স্কুল তাদেরকে বাড়তি শিক্ষানির্দেশনা সহায়তা প্রদান করে। শিক্ষার্থীদেরকে সমৃদ্ধিমূলক শিক্ষণ অভিজ্ঞতা প্রদান করা হয় যাতে তারা প্রবর্তী গ্রেডের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে।

আমার সন্তানকে সামার স্কুলে যেতে হবে কি-না, আমি তা কী করে জানবো?

যদি সন্তান প্রমোশনের মান অর্জন অর্জন না করে থাকে., তাহলে ১৬ জুন তারিখের সপ্তাহ থেকে শুরু করে ৩-১২ গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতাগণ প্রমোশনের সিদ্ধান্ত সংক্রান্ত একটি চিঠি পাবেন। আপনার সন্তানের জন্য সামার স্কুলের সময়সূচি স্থির হয়েছে কি না, সে ব্যাপারে আপনার প্রশ্ন থাকলে আপনি সন্তানের স্কুলের প্রিন্সিপ্যাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

আমি স্কুলে সন্তানকে কিভাবে সামার স্কুলে ভর্তি করতে পারি?

ইমর্ক সিটির নতুন বাসিন্দা এবং গ্রীষ্মের দর্শনার্থী সাময়িক বাসিন্দা (এবং যারা বর্তমানে নিউ ইমর্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে রেজিস্ট্রিকৃত নন এবং ২০১৪-১৫ স্কুল বছরের জন্য তালিকাভুক্ত হবেন না) বিনা বেতনে সামার স্কুলের সুযোগ নিতে পারবেন যদি তারা আবাসনের উপযুক্ত কাগজপত্র দেখাতে ও যোগ্যতার শর্ত পূরণ করতে পারেন। শিক্ষার্থী যে স্কুলে ভর্তি হতে আগ্রহী, সরাসরি সে স্কুলে ১০ জুন থেকে নাম তালিকাভুক্তি শুরু হয়। পিতামাতা বা অভিভাবকদেরকে অবশ্যই শিক্ষার্থীর বর্তমান স্কুল থেকে একটি রিপোর্ট কার্ড বা ট্রান্সক্রিপ্ট-এর কপি দিতে হবে।

নন-পাবলিক (মেম্বর বেসরকারি/ধর্মীয় স্কুল শিক্ষার্থী) এবং চার্টার স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণের যোগ্য হবেন যদি তারা সশরীরে তাদের ডিস্ট্রিক্ট-এর কোন স্কুলে উপস্থিত হয়ে যোগ্যতার শর্ত পূরণ করেন। পিতামাতা বা অভিভাবককে অবশ্যই একটি তালিকাভুক্তি ফরম পর্যালোচনা ও পূরণ করতে হবে এবং রিপোর্ট কার্ড এবং/অথবা ট্রান্সক্রিপ্ট-এর কপি রেজিস্ট্রেশনের জন্য ডিস্ট্রিক্ট স্কুলে দিতে হবে। আপনার সন্তানের হোম স্কুল থেকে আপনাকে ভর্তির ফরম দেওয়া হবে। এটি আপনার সন্তানের বর্তমান স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক সইযুক্ত হতে হবে। আবেদনকারীর ১০ জুন থেকে আবেদন করা শুরু করতে পারবেন।

নন-রেসিডেন্টরা (যেসব শিক্ষার্থী নিউ ইমর্ক সিটিতে বাস করেন না) যোগ্যতার শর্ত পূরণ ও ট্রাইশন পরিশোধ সাপেক্ষে সামার স্কুলে অংশগ্রহণের যোগ্য হবেন। ডিওই-এর নিচের ওয়েবসাইটে ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে:

<http://schools.nyc.gov/ChoicesEnrollment/SpecialPrograms/SummerSchool/default.htm>

ভর্তিকারী পিতামাতাকে অর্থ-সহ সইযুক্ত আবেদনপত্র পাঠাতে হবে নিচের ঠিকানা:

Bureau of Non-Public School Payables
65 Court Street, Room 1503
Brooklyn, NY 11201

শিক্ষার্থীদেরকে আগে আসলে আগে পাওয়ার নিয়মে সামার স্কুলে ভর্তির সুযোগ লাভ করবেন।



সামার জুড়ে পরিবহন ব্যবস্থার সুবিধা দেখা হয় কি?

সামার স্কুলের জন্য রেজিস্ট্রিকৃত শিক্ষার্থীরা নিয়মিত স্কুল বছরে যেভাবে যাতায়াত সুবিধা লাভ করতেন, সামার স্কুলেও একই সুবিধা লাভ করবেন। শিক্ষার্থী মেট্রোকার্ড ব্যবহার করে থাকলে তিনি গ্রীষ্মকালীন ট্রান্সপোর্টেশন কোঅর্ডিনেটরের কাছ থেকে একটি মেট্রোকার্ড চেয়ে নিতে পারবেন। নিয়মিত স্কুল বছরে হলুদ স্কুল বাসে যাতায়াতকারী শিক্ষার্থী তাদের নিয়মিত যাতায়াতে যে স্টপ ব্যবহার করতেন, সামার স্কুলের জন্য তিনি একই স্টপ ব্যবহার করবেন।

স্কুল বছরব্যাপী বাস পরিবহনের অযোগ্য শিক্ষার্থী যদি অর্ধেক মাইলের বেশি দূরবর্তী স্কুলে সামার স্কুলে ভর্তি হন, তাহলে তিনি যাতায়াতের জন্য তাদের সাংবাৎসরিক স্কুল থেকে শাটল স্টপে সামার স্কুলে যাতায়াতের সুবিধা লাভ করবেন। পিতামাতাগণ সহায়তার জন্য সামার স্কুল শুরুর আগে তাদের সন্তানের স্কুলে (সাংবাৎসরিক স্কুল) বা সামার স্কুলে যোগাযোগ করতে পারেন।

এ বছর কোথায় সামার স্কুলের আয়োজন করা হবে?

১৩ জুন থেকে সামার স্কুলের অবস্থান সম্পর্কে তথ্য পাওয়া যাবে ডিওই-এর সামার স্কুল ওয়েব পেজ-এ:

<http://schools.nyc.gov/ChoicesEnrollment/SpecialPrograms/SummerSchool/default.htm>

সামার স্কুল কি খাবার পরিবেশন করা হবে?

হ্যাঁ! ১৮ বছর ও কমবয়সীদের জন্য গ্রীষ্মকালীন ফ্রি খাবার পরিবেশন করা হবে। পরিচয়পত্র, রেজিস্ট্রেশন, কিংবা কোন তথ্যের প্রয়োজন নেই।

সামার স্কুলে আমার সন্তানকে কি কোন পরীক্ষা দিতে হবে?

এ বছর অগাস্ট মাসে এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীদেরকে পরীক্ষা দিতে হবে না। এর পরিবর্তে ৪ ও ৫ অগাস্ট, স্কুলগুলোকে শিক্ষার্থীদের স্কুল বছরব্যাপী তাদের কাজের সাথে সাথে তারা প্রবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার জন্য পর্যাপ্ত অগ্রগতি অর্জন করতে পেরেছে কি না, সেটা মূল্যায়নের জন্য সামার স্কুলের কাজের ও পরীক্ষার একটি বাড়তি পর্যালোচনা সম্পন্ন করতে হবে।

হাই স্কুল শিক্ষার্থীরা গ্যাজুেশনের জন্য অগ্রসর হতে প্রয়োজনীয় রিজেন্টস পরীক্ষা দেবে ১৩ ও ১৪ অগাস্ট।

আমার সন্তান কি সামার স্কুলে অভিযোজন সুবিধা লাভের যোগ্য?

ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি), অনুমোদিত ৫০৪ অভিযোজন পরিকল্পনা, এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স কর্মসূচির শিক্ষার্থীরা সামার স্কুলের পরীক্ষায় একই অভিযোজন সুবিধা লাভ করবে, যা তারা নিয়মিত স্কুলবছরব্যাপী পেয়েছে।